



ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED
(A Subsidiary of ICB)

Green City Edge (4th floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
Telephone: +88-02-8300412 (Hunting), Fax: +88-02-8300416
E-mail: info@icbamcl.com.bd; Web: www.icbamcl.com.bd



আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর গ্রাহক সেবা সপ্তাহ-২০২১ উদ্বোধন উপলক্ষে এক বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠান ০৫ ডিসেম্বর ২০২১ তারিখ, রবিবার, সকাল ৯:৩০ ঘটিকায় কোম্পানি কার্যালয়, গ্রীন সিটি এজ, ৮৯, কাকরাইল, ঢাকায় অনুষ্ঠিত হয়। আকাশে বেলুন উড্ডয়নের মাধ্যমে ৫-৯ ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য গ্রাহক সেবা সপ্তাহের শুভ উদ্বোধন ঘোষণা করেন কোম্পানির পরিচালনা বোর্ডের মাননীয় চেয়ারম্যান ড. মোঃ কিসমাতুল আহসান ও আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবুল হোসেন। আইসিবি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ কামাল হোসেন গাজী, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ.টি.এম. আহমেদুর রহমান, আইসিবি'র অপর দু'টি সাবসিডিয়ারি কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয়, আইসিবি'র মহাব্যবস্থাপকগণ, আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং সম্মানিত গ্রাহকগণ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।